

## মৌলিক বা মূল প্রশ্ন

ঈশ্বরের জনগণের এই আলোচনায় যে মৌলিক বা মূল প্রশ্নটি পথ নির্দেশ করে এবং যা প্রথমেই তুলে ধরা হয়েছে সেটি হল : *synodal Church* বা সহযাত্রার মন্ডলী মঙ্গলবার্তা ঘোষণার ক্ষেত্রে একত্রে বা একসঙ্গে যাত্রা করে। এই একত্রে বা একসঙ্গে যাত্রা আপনাদের মন্ডলীতে বা প্যারিশে কি ভাবে হচ্ছে? এই একত্রে বা একসঙ্গে যাত্রা করেই যেন আমরা আরও গড়ে উঠতে পারি বা এগিয়ে যেতে পারি সেইজন্য পবিত্র আত্মা কি কি করতে বলছেন? কি কি পদক্ষেপ নিতে বলছেন? এর উত্তর দেওয়ার জন্য আপনাদের অনুরোধ করা হচ্ছে :

ক) নিজেদের জিজ্ঞাসা করুন, আপনাদের স্থানীয় মন্ডলীতে বা প্যারিশে মৌল বা মূল প্রশ্নটি কি বিষয় মনে করিয়ে দেয় ?

খ) এই অভিজ্ঞতাগুলির গভীরে আরও কয়েকবার প্রবেশ করুন :

এগুলি আপনাকে কি কি আনন্দ দান করেছে?

এগুলি কি কি অসুবিধা ও বাধার সম্মুখীন করেছে?

এগুলি কি কি ক্ষত/দুঃখ প্রকাশ্যে এনেছে?

এগুলি কি কি উপলব্ধি/অন্তর্দৃষ্টি এনেছে?

গ) সহভাগিতা করার জন্য এর ফলগুলি একত্রিত করুন :

এই অভিজ্ঞতাগুলির মধ্যে কোথায় পবিত্র আত্মার উপস্থিতি বুঝতে পারা যায়/অনুভব করা যায়?

তিনি আমাদের কাছে কি বলতে চাইছেন?

কি কি বিষয়গুলি নিশ্চিত করতে হবে?

কি কি পরিবর্তন করতে হবে? কি কি পদক্ষেপ নিতে হবে?

কোথায় আমাদের বিভিন্ন জনের মতামত এক জায়গায় আসছে / ঐক্যমত্য লক্ষ্য করা যাচ্ছে?

আমাদের মন্ডলী / প্যারিশের জন্য কি কি নতুন পথ দেখতে পারছি?

-----

## ১। যাত্রা-সঙ্গী

মন্ডলীতে ও সমাজে আমরা একই পথে পাশাপাশি চলেছি। তোমার স্থানীয় মন্ডলীতে কারা কারা তোমার “যাত্রাপথের সঙ্গী?” যখন বলা হয় : “আমাদের মন্ডলী”, তখন কারা কারা এর অংশভাগী? কে আমাদের একসঙ্গে যাত্রা করতে বলছে? কারা এই যাত্রা পথের সঙ্গীরা, যাদের মধ্যে আছে খ্রীষ্টসমাজের পরিসীমার বাইরের ব্যক্তির? কোন ব্যক্তিদের বা দলকে সীমানার বাইরে রাখা হয়েছে? সোজাসুজি বা অন্য কোন ভাবে?

## ২। যথাযথ মনোযোগের সঙ্গে অন্যদের বক্তব্য শোনা

যথাযথ মনোযোগের সঙ্গে অন্যদের বক্তব্য শোনা হল প্রথম পদক্ষেপ, কিন্তু তারজন্য প্রয়োজন খোলা মন ও হৃদয়, কোন রকম পক্ষপাত ছাড়া। আমাদের স্থানীয় মন্ডলীর (প্যারিশের) জন্য কার কথা শোনা উচিত? সাধারণ খ্রীষ্টভক্তদের বক্তব্য, বিশেষ করে যুব ও মহিলাদের কথা কী মনোভাব নিয়ে শোনা হয়? সন্ন্যাসব্রতী নরনারী যারা আছেন, তাঁদের বক্তব্যও কি অন্তর্ভুক্ত করা হয়? যারা সংখ্যায় কম, যাদের বাদ দেওয়া হয়েছে, যারা খ্রীষ্টীয় সমাজের বাইরে তাদের বক্তব্য কতটুকু শোনা হয়? যারা একগুঁয়ে বা পক্ষপাতদুষ্ট, শোনার পথে যারা বাধা হয়ে দাঁড়ায়, তাদের কী আমরা চিহ্নিত করে রেখেছি? যে সমাজ ও সংস্কৃতির মধ্যে আমরা বাস করি, তাদের মধ্য দিয়ে যে বক্তব্য উঠে আসে, আমরা কী মনোভাব নিয়ে তা শুনি?

### ৩। সাহসের সঙ্গে যথাযথ কথা বলা

আমরা সকলেই ন্যায্য, কল্যাণমূলক ও যথাযথ কথা বলার স্বাধীন অধিকার পেয়েছি। কী ভাবে আমাদের গোষ্ঠিতে বা সমাজে ও তার সকল সংগঠনের মধ্যে আমরা পরস্পরের সঙ্গে সত্যিকার ভাববিনিময়ের পথ গড়ে তুলব, যেখানে থাকবে না কপটতা বা সুযোগসন্ধানীদের স্থান? এবং সমাজের যাদের সঙ্গে আমাদের যোগাযোগ আছে? আমাদের প্রয়োজনীয় বক্তব্যগুলি কখন ও কিভাবে আমরা বলতে পারি? শুধুমাত্র ক্যাথলিক মাধ্যম নয়, কী ভাবে বৃহত্তর গণযোগাযোগ মাধ্যমের সঙ্গে এই সম্পর্ক কাজ করে? খ্রীষ্টীয় সম্প্রদায়ের প্রতিনিধি হয়ে কারা বক্তব্য রাখে? তাদের কীভাবে মনোনীত করা হয়?

### ৪। উদযাপন

একত্রে যাত্রা করা তখনই সম্ভব যখন সকলেই খ্রীষ্ট্যাগে অংশগ্রহণ করে ও বাণী শ্রবণ করে। কী ভাবে প্রার্থনা ও খ্রীষ্টীয় উপাসনা আমাদের প্রেরণা দিয়ে থাকে একত্রে যাত্রা করার পথে? কী ভাবে এগুলি সবচেয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে অনুপ্রেরণা দেয়? সকল খ্রীষ্টবিশ্বাসীদের উপাসনায় ও অন্যান্য পবিত্রীকরণ কাজে সক্রিয় অংশগ্রহণ করাতে কী ভাবে আমরা সমর্থ হব? উপাসনায় পাঠকদের ও বেদীসেবকদের কী ভূমিকা থাকে?

### ৫। প্রচার কার্যে সহদায়িত্ব

'সহযাত্রা' বা সংসদীয় যাত্রা (Synodality) হল মন্ডলীর বাণীপ্রচার কার্যের অঙ্গ, যেখানে মন্ডলীর সকল সভ্যসভ্যারা অংশগ্রহণ ও সেবাদায়িত্ব পালন করতে আহুত। যেহেতু আমরা সকলে দীক্ষিত, তাই আমরা সকলে বাণীপ্রচার কার্যের শিষ্য, সুতরাং আমরা প্রত্যেকে কিভাবে সেই কাজ করতে আহুত? প্রত্যেক সম্প্রদায় কিভাবে তার সদস্যদের সাহায্য করবে সমাজের প্রতি তার যথাযথ দায়িত্ব পালনের জন্য (সামাজিক ও রাজনৈতিক, বৈজ্ঞানিক গবেষণা ও শিক্ষার ক্ষেত্রে, সমাজে ন্যায্য প্রতিষ্ঠার বিষয়ে, মানুষের অধিকার রক্ষণ ও আমাদের সকলের বাসগৃহ এই পৃথিবীর বিষয়ে)? এই সমস্ত বিভিন্ন দায়িত্ব পালনের বিষয়ে তুমি কী ভাবে তাদের সাহায্য করবে বাণীপ্রচার কার্যের জন্য? বাণীপ্রচার বিষয়ে আমরা কোন পথে যাব তা কিভাবে নির্ধারণ করা হয় এবং কারা কারা অংশগ্রহণ করে? কীভাবে আমরা এই সহযাত্রায় বা সংসদীয় যাত্রায় (Synodality) সহযোগিতামূলক কাজ করব, যেখানে অন্যান্য প্রাচ্যমন্ডলীর অধিকার আছে?

### ৬। মন্ডলীতে ও সমাজে সংলাপের ভূমিকা...

সংলাপ হল অধ্যাবসায়ের পথ, যার মধ্যে আছে নীরবতা ও কষ্ট সহ্য করার দিক, কিন্তু যার মধ্যে আছে বিভিন্ন জনের অভিজ্ঞতার সংগ্রহ। আমাদের স্থানীয় মন্ডলীতে বা প্যারিশে সংলাপের ভূমিকা ও ধরণ কি কি? কিভাবে বিভিন্ন দৃষ্টিভঙ্গী, বিভিন্ন মত ও অসুবিধাগুলির সামঞ্জস্য সাধন করা হয়? পাশের ধর্মপ্রদেশের সঙ্গে, ধর্মীয় বিভিন্ন সংস্থা ও তাদের সহযোগী বিভিন্ন ভক্ত-সংস্ হাগুলির সঙ্গে কিভাবে সহযোগিতার মনোভাব গড়ে তোলা হয়? অন্যান্য ধর্মবিশ্বাসীদের সঙ্গে ও অবিশ্বাসীদের সঙ্গে কী ধরণের সংলাপ ও যৌথ উদ্যোগের অভিজ্ঞতা আলোচনা করা যায়? মন্ডলী কিভাবে আলাপচারিতার মাধ্যমে সমাজের অন্যান্য সম্প্রদায়ের কাছ থেকে বিশ্ব-রাজনীতি, অর্থনীতি, সংস্কৃতি, নাগরিক সভ্যতা ও দারিদ্র বিষয়ে জ্ঞান অর্জন করতে পারে?

### ৭। অন্যান্য খ্রীষ্টীয় সম্প্রদায়ের ভাইবোনেদের সঙ্গে

এই 'সহযাত্রায়' বা সংসদীয় যাত্রায় (Synodality) একই দীক্ষনানে দীক্ষিত অন্যান্য খ্রীষ্টীয় সম্প্রদায়ের ভাইবোনেদের সঙ্গে সংলাপের অবসর আছে। অন্যান্য খ্রীষ্টীয় সম্প্রদায়ের ভাইবোনেদের সঙ্গে আমাদের কী ধরণের সম্পর্ক আছে? কোন কোন ক্ষেত্রে তাদের সঙ্গে আমাদের যোগাযোগ আছে? 'সহযাত্রায়' মধ্য দিয়ে আমরা কি কি ফল লাভ করেছি? কি কি অসুবিধার সম্মুখীন হয়েছি?

## ৮। কর্তৃপক্ষ ও অংশগ্রহণকারী

সহযাত্রী মন্ডলী' বা সংসদীয় মন্ডলী (Synodal Church) হলো অংশগ্রহণকারী ও সহদায়িত্বসম্পন্ন মন্ডলী। কি ভাবে আমরা আমাদের লক্ষ্যগুলি স্থির করেছি? কিভাবে সেগুলি সম্পন্ন করতে আমরা মনস্ক হয়েছি? তারজন্য কি কি পদক্ষেপ নিতে হবে? আমাদের স্থানীয় মন্ডলীর কর্তৃপক্ষ কিভাবে তাঁর দায়িত্ব পালন করবেন? কিভাবে দলগত ও সহদায়িত্বের সঙ্গে কাজ করা হয়? কিভাবে সাধারণ খ্রীষ্টভক্তরা ও তাদের বিশেষ সেবাকর্ম দ্বারা এই কাজের উন্নতি-সাধন করা যায়? স্থানীয় মন্ডলীতে সহযাত্রার বা সংসদীয় মন্ডলী (Synodal Church) কিভাবে কাজ করবে? সেই অভিজ্ঞতাগুলি কি যথেষ্ট ফলপ্রসূ?

## ৯। নির্ণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ

সহযাত্রার বা সংসদীয় রীতির (Synodal Style) আধ্যাত্মিকতা হল পবিত্র আত্মার প্রতি অনুগত থেকে সর্বসম্মত সিদ্ধান্ত (Discernment) নেওয়া। কি উপায়ে, কি কি পদ্ধতিতে আমরা একত্রে বিষয়গুলি নিরূপন করি ও সিদ্ধান্তে উপনীত হই? সেই পদ্ধতিগুলি কিভাবে আরো উন্নত করা যায়? ধর্মপল্লীর পালকীয় কাঠামোতে থেকে আমরা কিভাবে সবার অংশগ্রহণের মাধ্যমে সিদ্ধান্তে উপনীত হতে পারব? কিভাবে আমরা আলোচনার পর্যায়কে সিদ্ধান্ত গ্রহণের পর্যায় তুলে ধরব? সিদ্ধান্তে উপনীত হওয়া ও সিদ্ধান্ত গ্রহণ করার পদ্ধতিকে কিভাবে আমরা তুলে ধরব? কিভাবে ও কি কি উপায়ে আমরা স্বচ্ছতা ও দায়িত্ববদ্ধতা সাধন করতে পারব?

## ১০। সহযাত্রার বা সংসদীয় রীতিতে (Synodal Style) নিজেদের গড়ে তোলা

একত্রে যাত্রা করার আধ্যাত্মিকতার ভূমিকা হল সকল মানুষদের ও খ্রীষ্টভক্তদের এবং পরিবার ও সম্প্রদায়ের গঠনের ক্ষেত্রে একটি শিক্ষণীয় প্রক্রিয়া। আমাদের খ্রীষ্টীয় সমাজে যারা বিভিন্ন দায়িত্বে আছে কিভাবে আমরা তাদের গড়ে তুলব, বিশেষ ভাবে তারা যেন আরো দক্ষ হয়ে ওঠে একত্রে যাত্রা করার পথে, পরস্পরকে আগ্রহের সঙ্গে শুনতে এবং সংলাপে রত হতে? বিভিন্ন বিষয় নিরূপন করার ক্ষেত্রে (Discernment) ও দায়িত্বপালনের ক্ষেত্রে আমরা কি কি শিক্ষণ পদ্ধতি অনুসরণ করছি? যে সংস্কৃতিতে আমরা বাস করি, তা বুঝতে, এবং আমাদের মন্ডলীতে তার প্রভাব কেমন তা বুঝতে কোন পদ্ধতিগুলি আমাদের সাহায্য করবে?

Synod -- সংসদ / সহযাত্রা

Synodal Church -- 'সহযাত্রী মন্ডলী' বা সংসদীয় মন্ডলী

Discernment - সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ / নিরূপন করা

Synodality -- 'সহযাত্রা' বা সংসদীয় যাত্রা

Synodal Style -- সংসদীয় রীতি